অর্থ বিভাগ কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকৃত:

| ক্র. নং | অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার নাম | সেবা/আইডিয়ার বিবরণ | বর্তমান অবস্থা (চলমান/ চলমান নয়) | সেবার লিংক |
|---|---|---|---|---|
| *i* | *ii* | *iv* | | *vi* |
| ১. | iBAS++ -এর মাধ্যমে অনলাইনে বাজেট প্রণয়ন | iBAS++-এর মাধ্যমে জাতীয় বাজেট প্রণয়ন, বাজেট বাস্তবায়ন ও হিসাবরক্ষণ কার্যক্রম সম্পাদন করা হয়। পর্যায়ক্রমে সরকারের সকল আর্থিক লেনদেন iBAS++-এর মাধ্যমে সম্পাদিত হবে। যেমন –চলতি ২০২২-২৩ অর্থবছরে সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর-এর পাশাপাশি সরকারি হাসপাতাল, জেলা প্রশাসকের কার্যালয়, পুলিশ সুপারের কার্যালয়সহ ৬৬৯ টি কার্যালয়ের বাজেট iBAS++-এর মাধ্যমে প্রণয়ন করা হয়েছে এবং ভবিষ্যতে তা আরো সম্প্রসারণকরাহবে। | চলমান | https://ibas.finance.gov.bd/ibas2 |
| ২. | পেনশনারদের EFT পদ্ধতিতে মাসিক পেনশন প্রেরণ | বর্তমানে সকল সরকারি অবসরভোগী (প্রায় ৮ লক্ষ) প্রতিমাসে ইএফটি পদ্ধতিতে মাসের শুরুতেই নিজ নিজ ব্যাংক অ্যাকাউন্টে মাসিক পেনশন পেয়ে থাকেন। | চলমান | https://ibas.finance.gov.bd/ibas2 |
| ৩. | কর্মকর্তাদের বেতন বিল অনলাইনে দাখিল ও EFT পদ্ধতিতেপ্রেরণ | বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকসহ সকল কর্মচারী এবং প্রতিরক্ষা বিভাগের সেনা, নৌ ও বিমান বাহিনীর প্রায় সকল সদস্য ইএফটি পদ্ধতিতে মাসের প্রথম কর্ম দিবসে তাঁদের বেতন-ভাতা নিজ নিজব্যাংক হিসাবে পাচ্ছেন। | চলমান | https://ibas.finance.gov.bd/ibas2 |
| ৪. | স্বয়ংক্রিয় চালান সিস্টেম-এর মাধ্যমে সহজেই ব্যাংক কাউন্টারসহ অনলাইন ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং, Debit/Credit কার্ডের মাধ্যমে এ-সিস্টেমে চালানের অর্থ জমা দেওয়া যায়। | সরকারি রাজস্ব আদায় ব্যবস্থাপনা সুসংহতকরণ, চালানের জাল-জালিয়াতি রোধ এবং সরকারি কোষাগারে তাৎক্ষণিকভাবে সরকারি রাজস্ব/ফির অর্থ জমা দেওয়ার জন্য 'স্বয়ংক্রিয়চালান (এ-চালান) পদ্ধতি' প্রবর্তন করা হয়েছে। বিগত তিন অর্থবছরে এ-চালান পদ্ধতি ব্যবহার করে ১১৪ টি অর্থনৈতিক খাতের বিপরীতে প্রায় ৪৯,০০০ কোটি টাকা সরকারি কোষাগারে জমা হয়েছে। | চলমান | https://ibas.finance.gov.bd/acs |
| ৫. | মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ নির্দেশনার আলোকে ৩৫ লক্ষ Covid-19 ক্ষতিগ্রস্থ জনসাধারণকে ২৫০০/- করে ভাতা প্রদান | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে 'নগদ অর্থ সহায়তা প্রদান কর্মসূচি'-এর আওতায় G2P পদ্ধতিতে ইএফটি-এর মাধ্যমে বিভিন্ন অর্থবছরে করোনায় ক্ষতিগ্রস্ত ৮২,৫৯,৩৭৭ জনকে ২,০০০ কোটি টাকা প্রদান করা হয়েছে। | সিস্টেমটি বিদ্যমান রয়েছে। কার্যক্রমটি সমাপ্ত হয়েছে। ভবিষ্যতে প্রয়োজন হলে আবার চালু করা হবে। | https://ibas.finance.gov.bd/ibas2 |
| ৬. | জাতীয় সঞ্চয়পত্র অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে সঞ্চয়পত্র ইস্যু ও EFTএরমাধ্যমে মুনাফা ও আসল পরিশোধ | জাতীয় সঞ্চয়পত্রের গ্রাহক সেবা সহজতর করার লক্ষ্যে ইতোমধ্যে 'জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' প্রবর্তন করা হয়েছে। প্রবর্তিত এ সিস্টেমের মাধ্যমে জাতীয় সঞ্চয় পত্রের সকল স্কিমসহ ওয়েজ আর্নার ডেভেলেপমেন্ট বন্ড, ইউএস প্রিমিয়ার বন্ড, ডাকঘর সঞ্চয় স্কিমের সাধারণ ও মেয়াদি হিসাব সমূহের লেনদেন সম্পাদিত হচ্ছে এবং এসব স্কিমের লভ্যাংশ ও আসল ইএফটি-এর মাধ্যমে সরাসরি গ্রাহকের ব্যাংক হিসাবে প্রেরণ করা হচ্ছে। | চলমান | http://www.nationalsavings.gov.bd/# |
| ৭. | স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অনুকূলে প্রজাতন্ত্রের সরকারি হিসাবের অধীন PL (PersonalLedger) Account সৃজনের ফলে প্রয়োজনের নিরিখে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক EFT পদ্ধতিতে অর্থ পরিশোধ সম্ভব হয়েছে। | সরকারের লেনদেন ব্যয় হ্রাস, দ্রুত পাওনা পরিশোধ, সরকারি ঋণ নিম্নতম পর্যায়ে রাখা, সুদ কমানো, এ্যাকাউন্টিং সিস্টেম ও তারল্য প্রবাহ (Cash Flow) সিস্টেমের মধ্যে সময়মত সংগতিসাধনের (Reconciliation উদ্দেশ্যে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের জন্য সিএএফও (পেনশন এন্ড ফান্ড ম্যানেজমেন্ট) কার্যালয়ের আওতায় প্রজাতন্ত্রের সরকারি হিসাবের (PublicAccount of the Republic) পার্সোনাল লেজার (Personal Ledger-PL) এ্যাকাউন্টের অধীন সাব-এ্যাকাউন্ট সৃজন করা | চলমান | https://ibas.finance.gov.bd/ibas2 |

০৬.১০.২২

মোঃ শওকত আলী
উপসচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| ক্র. নং | অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার নাম | সেবা/আইডিয়ার বিবরণ | বর্তমান অবস্থা (চলমান/ চলমান নয়) | সেবার লিংক |
|---|---|---|---|---|
| *i* | *ii* | *iv* | | *vi* |
| | | হয়েছে। এতে সরকারের হিসাব হতে প্রকৃত ব্যয়ের পূর্বেই অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিজস্ব ব্যাংক হিসাবে জমা প্রদান বন্ধ হবে। বরাদ্দকৃত অর্থ শুধু সংযুক্ত তহবিল থেকে প্রজাতন্ত্রের সরকারি হিসাবে স্থানান্তরিত হবে, ফলে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জন্য বরাদ্দকৃত অর্থের তারল্য প্রবাহ নিয়ন্ত্রিত হবে। | | |
| ৮. | সামাজিক নিরাপত্তা বেষ্টনির উপকারভোগীকে নগদ সহায়তা G2P পদ্ধতিতে প্রেরণ | সামাজিক নিরাপত্তা বেষ্টনীর উপকারভোগীদের অর্থ প্রাপ্তি নিশ্চিতকরণের জন্য G2P পদ্ধতিতে ইএফটি-এর মাধ্যমে সরাসরি তাদের ব্যাংক হিসাবে অথবা মোবাইল হিসাবে অর্থ প্রেরণ করা হচ্ছে। বিগত তিন অর্থবছরে ৩,৫২,১৩,২৭৩ জন সামাজিক নিরাপত্তা বেষ্টনীর উপকারভোগীর নিকট প্রায় ৩৫,০০০ কোটি টাকা প্রেরণ করা হয়েছে। | চলমান | https://spbmumis.finance.gov.bd/spbmuweb/login.html |
| ৯. | কর্মচারীদের বেতন বিল ডিডিও কর্তৃক অনলাইনে দাখিল ও EFT পদ্ধতিতে বেতন | সরকারি প্রত্যেক কার্যালয়ের DDO, iBAS++ সিস্টেমের মাধ্যমে তার কার্যালয়ের কর্মচারিদের বেতন বিল অনলাইনে প্রস্তুত করে এবং অনলাইনে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কার্যালয়ে দাখিল করে। অতপর Account Office বিলগুলো বাংলাদেশ ব্যাংকে EFT Advice প্রেরণ করে। বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে প্রত্যেক কর্মচারিকে EFT এর মাধ্যমে বেতন-ভাতা প্রেরণ করা হয়। | চলমান | https://ibas.finance.gov.bd/ibas2 |
| ১০. | iBAS++ -এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে বাজেট ছাড় ও বাজেট বাস্তবায়নে অটোমেশন পদ্ধতির প্রয়োগ | অর্থবছরের মাঝে জাতীয় সংসদে বাজেট পাশ করার পর ১ জুলাই তারিখে ব্যয়ের জন্য DDO –দের কাছে বাজেট Available হওয়া প্রয়োজন। iBAS++ সিস্টেমে অর্থবছরের শুরুতে স্বয়ংক্রিয়ভাবে অর্থছাড় হয় এবং বাজেট বরাদ্দ সাপেক্ষে বিভিন্ন ব্যয় নির্বাহ করতে পারেন। বাজেট ছাড়, অর্থবিতরণ ও নিয়ন্ত্রণ iBAS++ দ্বারাই সম্পাদিত হয়। | চলমান | https://ibas.finance.gov.bd/ibas2 |
| ১১. | সরকারি সকল প্রকার লেনদেনের তথ্যাদি অর্থাৎ ডেবিট এবং ক্রেডিট স্ক্রল বাংলাদেশ ব্যাংক ও সোনালী ব্যাংক লি. এর সাথে একটি ডেডিকেটেড FTP কালেকশানের মাধ্যমে iBAS++ -এ বর্তমানে অটো আপলোড হয়ে হিসাবের সমন্বয় সাধন করা হয়। | সরকারি সকল প্রকার পরিশোধ অর্থাৎ সকল সরকারি কর্মকর্তা/কর্মচারিদের বেতন ভাতাদি উপজেলা পর্যায় পর্যন্ত EFT এর মাধ্যমে পরিশোধ করা হয়। সরবরাহকারী এবং অন্যান্য পাওনা উপজেলা পর্যায়ে MICR চেকে পরিশোধ করা হয়। চেক এবং EFT এর এডভাইস iBAS++ থেকে Automatic way –তে BB এবং SB তে পাঠানো হয়। BB এবং SB পরিশোধ করে iBAS++ তথা CGA এর চাহিদা অনুযায়ী Encrypted from dedicated FTP Connection এর মাধ্যমে iBAS++ এ Debit Scroll প্রেরণ করে।<br>অন্যদিকে সরকারি সকল প্রাপ্তি ও সেবা ফি ম্যানুয়াল পদ্ধিততে BB এবং SB এর সকল শাখায় জমা নেয়ার পাশাপাশি এ-চালান সিস্টেমে সকল দেশিয় বাণিজ্যিক ব্যাংক প্রায় ১১৪ টি অর্থনৈতিক কোডে সরকারি রাজস্ব ও সেবা ফি গ্রহণ করছে। দিন শেষে বাংলাদেশ ব্যাংক এ-চালান সিস্টেম হতে রিপোর্ট নিয়ে সংশ্লিষ্ট ব্যাংক বিকলন করে সরকারি হিসাব আকলন করে। ম্যানুয়াল চালান জমার স্ক্রলসহ সকল প্রকার জমার ক্রেডিট স্ক্রল বাংলাদেশ ব্যাংক এবং সোনালী ব্যাংক হতে একই সাথে (FTP Connectivity) iBAS++ -এ Automatically এসে Upload হয়। | চলমান | https://ibas.finance.gov.bd/ibas2 |

০৬.১০.22

মোঃ শওকত আলী
উপসচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার